# জানুয়ারী/২০২৪ মাসের মাসিক সমন্বয় সভায় উপস্থিতির তালিকা-

| ক্র/নং | নাম ও পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | মোঃ নূরনবী চৌধুরী (চেয়ারম্যান, উপজেলা পরিষদ) | ০১৭১৪-৫২৬৫৭৪৪ | |
| ২। | মোঃ গোলাম ফেরদৌস উপজেলা নির্বাহী অফিসার | 01799941555 | |
| ৩। | মোঃ কামাল উদ্দিন মজুমদার ভাইস চেয়ারম্যান, উ: প: | 01740981211 | |
| ৪। | কামরুন নাহার মীরা উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান | 01733518477 | |
| ৫। | মোঃ রায়হান হক, URDO | 01712747049 | |
| ৬ | এ কামরুজ্জামান | 01745113361 | |
| ৭ | ১। [illegible] | 01716189807 | |
| ৮। | মো: [illegible] | ০১৭৯৬-৪৬৬৫০৮ | |
| ৯। | মোঃ আজিজুর রহমান | 01638-428490 | |
| ১০ | মোঃ [illegible] (উপজেলা [illegible]) | ০১৭১১১৩৪৪১৬ | |
| ১১ | মো: আসাদুজ্জামান চেয়ারম্যান, সিলখুড়ী | 01306367730 | |
| ১২ | মোঃ শাহিনুর আলম, পিআইও | 01716604499 | |
| ১৩. | মো: মামুন আহমেদ | 01716822624 | |
| ১৪। | মো: মাহমুদুল ইসলাম | 01734075832 | |
| ১৫। | মো: মোস্তাফিজুর রহমান উপজেলা পরিসংখ্যান অফিসার | 01722079202 | |
| ১৬ | মো: [illegible] UYDO | 01709331044 | |
| ১৭ | এম, এম আবদুল্লাহ [illegible] ইসলামিক ফাউন্ডেশন | ০১৭৫৭৪৪৫৫৫৬ | |
| ১৮। | মো: মোকলেছুর রহমান | ০১৭১৬৪৮০৯৬৬৩ | |
| ১৯। | জ্যোতির্ময় চক্রবর্তী, উপজেলা নির্বাচন অফিসার | ০১৭২০-৫৪৪৬৪০ | |
| ২০। | অজয় কুমার দত্ত, SAE | 01734-362431 | |
| ২১ | মোঃ রতন মিয়া (SAJDO) | 01717423072 | |
| ২২ | মসলিম উদ্দিন আহম্মদ UDBO | 01757990643 | |
| ২৩. | মো: আবদুল আহাদ, DAO | 01723090900 | |
| ২৪ | মো: রবিউল আলম উপজেলা [illegible] অফিসার | 01719462118 | |
| ২৫ | মো: মিজানুর রহমান, DGM, পল্লী বিদ্যুৎ। | 01769407330 | |

তারিখ:- ২৮/৭/২০২৪

১১৫

| নাম ও পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
| --- | --- | --- |
| আবদুল আহাদ<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, [illegible] | 01713775275 | [illegible] |
| মো: রুবেল সরকার, সহকারী প্রোগ্রামার | 01741-641281 | [illegible] |
| মো: আজিজুর রহমান<br>উপজেলা আ: ভি কর্মকর্তা | | |
| মো: সাব্বির আলী, [illegible] | 01723373738 | [illegible] |
| | 01744789395 | [illegible] |
| মো: আসাদুজ্জামান, U.S.S.O | 01714706627 | [illegible] |
| মো: শফিকুল ইসলাম, [illegible] | 01794082365 | |
| অনিরুদ্ধ মজুমদার, [illegible] | 01738678094 | [illegible] ১৮/০৭/২৪ |
| মো: বদরুজ্জামান (সোনা) U.F.O | 01717013886 | [illegible] |
| মো: আনোয়ারুল ইসলাম UEO | 01717973914 | [illegible] |

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা পরিষদ কার্যালয়**
**ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।**

**বিষয়** ঃ **উপজেলা পরিষদের জানুয়ারি ২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।**
সভাপতি ঃ মোঃ নুরুন্নবী চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
সভার তারিখ ও সময়ঃ ১৮ জানুয়ারি ২০২৪ সময়: বেলা ১২ ঘটিকা।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

**(সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা সংশ্লিষ্ট হাজিরা বহিতে সংরক্ষিত রয়েছে)**

**উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর আজকের সভাটি পরিচালনা** করার **জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়। উপজেলা নির্বাহী অফিসার সভায় দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন এ উপজেলায় সুন্দর ও সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ ও শুভেচ্ছা জানিয়ে বিভাগ/দপ্তর ভিত্তিক আলোচনা শুরু করেন। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।**

১ **বিগত সভার কার্যবিবরণী সম্পর্কে আলোচনা ঃ**

**উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণীর সারসংক্ষেপ সভায় উপস্থাপন** করেন। **বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন, পরিমার্জন/সুপারিশ থাকলে তা সভায় উপস্থাপনের জন্য সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণকে অনুরোধ জানানো হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন, পরিমার্জন/সুপারিশ না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।**

২ **উপজেলা প্রকৌশল দপ্তরঃ**

উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় জানান যে, পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ২৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ১৮টি বিদ্যালয় হস্তান্তরিত হয়েছে। অবশিষ্ট ৫ (পাঁচ)টি সরকারি প্রাথমিক বিদ্যালয়য়ের কাজ চলমান। IRIDP-৩ প্রকল্পের আওতায় ০৪ (চার) টি রাস্তার কাজ চলমান। GOBM আওতায় ২০২৩-২০২৪ ইং অর্থ বছরের ১ (এক)টি রাস্তার কাজ চলমান। RCIP প্রকল্পের মাধ্যমে বাসস্ট্যান্ড থেকে বাগভান্ডার রাস্তার কাজ চলমান রয়েছে। তিনি সভায় উপজেলা পরিষদের পরিত্যক্ত পুরাতন আবাসিক ভবনটি নিলামে বিক্রয়ের এবং গৃহিত এডিপি প্রকল্পগুলো যথাসময়ে সম্পন্ন করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। **২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা পরিষদ বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর টেন্ডার সীমিত দরপত্র পদ্ধতিতে হওয়ায় ৫% কমে ৫০০০০০.০০ টাকা উদ্ধৃত হয়। তিনি উক্ত অর্থ দ্বারা নিম্নোক্ত প্রকল্প গ্রহণের অনুরোধ জানান।**

| ক্রঃনংঃ | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য | বাস্তবায়ন পদ্ধতি |
|---|---|---|---|
| ০১ | বঙ্গসোনাহাট ইউনিয়নের ০৭ নং ওয়ার্ডের ছড়ার ডারার উপর কাঠের ব্রীজ মেরামত করণ। | ১৫০০০০.০০ | পিআইসি |
| ০২ | বলদিয়া ইউনিয়নের ৫নং ওয়ার্ডের কেদার খা পাড়া জামে মসজিদ উন্নয়ন করণ। | ২০০০০০.০০ | কোটেশন |
| ০৩ | উপজেলা প্রকৌশলীর দপ্তরের আইপিএস মেশিন ও ব্যাটারী সরবরাহ করণ। | ১৫০০০০.০০ | কোটেশন |
| | মোট= | ৫০০০০০.০০ | |

**তিনি সভায় চলমান শীত মৌসুমে হতদরিদ্র জনগণের গোষ্ঠির মাঝে শীতবস্ত্র বিতরণের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে ৫,০০,০০০/- ব্যয়ে কম্বল ক্রয়ের অনুরোধ জানান।**

উপজেলা নির্বাহী অফিসার সভায় রাস্তার কাজ চলকালীন ওভারলোডিং কোন গাড়ী যাতে রাস্তায় চলাচল করতে না পারে সে জন্য সাইন বোর্ড টাঙ্গানোর জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নিমিত্ত এবং চৌধুরী বাজার হাটের মধ্যে স্থাপিত ২টি দোকান ঘর অপসারণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান।

সভায় সভাপতি জানান পাথরডুবী ইউনিয়নের মইদাম রাস্তাটি ভেঙ্গে যাচ্ছে। রাস্তার দু'পার্শ্বে পুকুর থাকায় রাস্তাগুলো ক্ষতিগ্রস্থ হচ্ছে। ক্ষতিগ্রস্থ রাস্তাগুলো মেরামত করা প্রয়োজন। তাছাড়া তিনি ভূরুঙ্গামারী হাটে আগত ক্রেতা-বিক্রিতাদের সুবিধার্থে পাবলিক টয়লেট নির্মাণ করা প্রয়োজন মর্মে অবহিত করেন।

সিদ্ধান্ত ঃ সভায় উপজেলা প্রকৌশলী কর্তৃক উত্থাপিত প্রকল্পগুলো অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়। এডিপি প্রকল্পগুলো গুণগতমান বজায়

রেখে যথাসময়ে সম্পন্ন করার জন্য সভায় ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। ভূরুঙ্গামারী হাটে আগত ক্রেতা-বিক্রিতাদের সুবিধার্থে হাট-বাজার খাতের অর্থ দ্বারা পাবলিক ক্লাব সংলগ্ন স্থানে পাবলিক টয়লেট নির্মাণের সিদ্ধান্ত গৃহিত হয়। ভূরুঙ্গামারী বাসষ্ট্যান্ড থেকে নির্মাণাধীন রাস্তার দু'পার্শ্বে বাসা-বাড়ি, দোকানপাট থাকলে তা অপসারণের সিদ্ধান্ত গৃহিত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/ইউপি চেয়ারম্যান (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩ **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস ঃ**

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান বর্তমান শীত মৌসুমে শীত জনিত রোগ বালাই বাড়ছে। বিশেষ করে বয়স্ক ও শিশুরা ঝুঁকির মধ্যে রয়েছে। শীত জনিত রোগ বালাই থেকে সর্তক থাকার জন্য সভায় উপস্থিত সকলকে পরামর্শ প্রদান করেন।

সিদ্ধান্ত ঃ হাসপাতালে আগত বিশেষ করে বয়স্ক ও শিশুদের শীত জনিত রোগের সুচিকিৎসাসহ জনগণের স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৪ **উপজেলা প্রাণিসম্পদ অফিসঃ**

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান গবাদি-পশুর চিকিৎসা সেবাসহ তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি সভায় আরো জানান বর্তমানে উপজেলাধীন বিভিন্ন হাট-বাজারে মাংস বিক্রেতাগণ খোলা-মেলা পরিবেশে মাংস বিক্রি করে আসছেন। ফলে জনস্বাস্থ্য বিঘ্নিত হচ্ছে। তিনি এ বিষয়ে মাংস বিক্রেতাগণকে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে ইউপি চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করেন এবং মোবাইল কোর্ট পরিচালনার অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ উপজেলাধীন বিভিন্ন হাট-বাজারে মাংস বিক্রেতাগণ যেন খোলা-মেলা পরিবেশে মাংস বিক্রি না করেন সেজন্য মাংস বিক্রেতাগণকে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে ইউপি চেয়ারম্যানগণকে সভায় অনুরোধ জানানো হয় এবং সহকারী কমিশনার (ভূমি), ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে মোবাইল কোর্ট পরিচালনার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রমকে অধিকতর গতিশীল রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/সহকারী কমিশনার (ভূমি), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম/ইউপি চেয়ারম্যান (সকল), ভূরুঙ্গমারী, কুড়িগ্রাম।

৫ **উপজেলা শিক্ষা অফিস ঃ**

উপজেলা শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে শিক্ষা বিভাগ যথাযথ কার্যক্রম পরিচালনা করে আসছেন। সভায় উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম উপজেলা পরিষদের সকল কর্মকর্তাকে প্রতি সপ্তাহে একটি করে সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করে উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের সকল কর্মকর্তাকে প্রতি সপ্তাহে একটি করে সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করে উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রতিবেদন দাখিলের সিদ্ধান্ত হয়। প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে যথাযথ ভূমিকা পালনের জন্য সভায় উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা শিক্ষা অফিসার/উপজেলা পরিষদের সকল কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৬ **উপজেলা রিসোর্স সেন্টার ঃ**

ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৭ **উপজেলা কৃষি অফিস ঃ**

উপজেলা কৃষি অফিসার সভায় জানান তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। চলতি বোরো মৌসুমে ১৬৪৫০ হেক্টর জমিতে বোরো আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। তিনি শীতের কারণে বীজের যাতে ক্ষতি না হয় সে বিষয়ে কৃষকদেরকে উদ্বুদ্ধ করার জন্য সভায় উপস্থিত ইউপি চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। বর্তমানে সরিষা একটি অর্থকরি ফসল হিসেবে বিবেচিত হয়েছে। তিনি সরিষা আবাদে সকলকে এগিয়ে আসার আহবান জানান। তিনি সভায় আরো জানান বর্তমানে সারের কোন সংকট নেই। কেউ যাতে সারের কৃত্রিম সংকট সৃষ্টি করতে না পারে সে দিকে সকলকে সজাগ থাকার জন্য সভায় আহবান।

সিদ্ধান্ত ঃ কৃষি বিভাগের কার্যক্রমকে গতিশীল রাখাসহ আসন্ন বোরো মৌসুমে কৃষকদেরকে প্রয়োজনীয় সহায়তার জন্য উপজেলা কৃষি অফিসারকে পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা কৃষি অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৮ **উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর ঃ**

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে।
সিদ্ধান্ত ঃ খাদ্য বিভাগের কার্যক্রমকে অধিকতর গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৯ **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ**

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে। তিনি সভায় আরো জানান নতুন বছরে পাঠ্যপুস্তক ইতোমধ্যে বিদ্যালয় পর্যায়ে পৌঁছে গেছে। নতুন বছরের শুরুতেই শিক্ষার্থীগণ পাঠ্যপুস্তক হাতে পেয়েছেন।
সিদ্ধান্ত ঃ মাধ্যমিক শিক্ষার মান উন্নয়নে প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণসহ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে বিদ্যালয় পরিদর্শন পূর্বক আগামী সভায় প্রতিবেদন উপস্থাপন করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১০ **উপজেলা পল্লী উন্নয়ন অফিস ঃ**

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে।
সিদ্ধান্ত ঃ পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রমকে অধিকতর গতিশীল রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় নির্দেশনা প্রদান করা হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১১ **উপজেলা মহিলা বিষয়ক অফিস ঃ**

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।
সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১২ **উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ**

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে।
সিদ্ধান্ত ঃ উপজেলা যুব উন্নয়ন অফিসের কার্যক্রমকে আরো গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৩ **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ ঃ**

উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ভূরুঙ্গামারী সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে। সভায় উপস্থিত অফিসার ইনচার্জ, ভূরুঙ্গামারী থানা জানান তার থানা চত্বরে পয়নিস্কাশনের তেমন কোন ভালো ব্যবস্থা নেই। ফলে থানা চত্বরে অফিসার/কনষ্টেবলগণের জন্য পয়নিস্কাশনের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।
সিদ্ধান্ত ঃ থানা চত্বরে পয়নিস্কাশনের বিষয়টি সরেজমিন তদন্ত পূর্বক প্রতিবেদন দাখিলের জন্য সভায় উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কার্যক্রমকে আরো গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।
বাস্তবায়নে ঃ অফিসার ইনচার্জ, ভূরুঙ্গামারী থানা/উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৪ **উপজেলা পরিসংখ্যান বিভাগ ঃ**

উপজেলা পরিসংখ্যান অফিসার এর প্রতিনিধি সভায় জানান পরিসংখ্যান বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।
সিদ্ধান্ত ঃ পরিসংখ্যান বিভাগের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা পরিসংখ্যান অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৫ **উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ ঃ**

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে।
সিদ্ধান্ত ঃ উপজেলা আনসার ও ভিডিপি বিভাগের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৬ **ইসলামিক ফাউন্ডেশন ঃ**

ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশনের প্রতিনিধি সভায় ইসলামিক ফাউন্ডেশনের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে।
সিদ্ধান্ত ঃ ইসলামিক ফাউন্ডেশনের কার্যক্রমকে অধিকতর গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।
বাস্তবায়নে ঃ ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৭ **<u>উপজেলা সমাজসেবা অফিস ঃ</u>**

উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান এ উপজেলায় সমাজসেবা বিভাগের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে।
সিদ্ধান্ত ঃ বিভিন্ন ভাতাভোগীকে সরকার প্রদত্ত ভাতা যথাসময়ে প্রদানসহ সমাজসেবা বিভাগের কার্যক্রমকে অধিকতর গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা সমাজ সেবা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৮ **<u>পল্লী বিদ্যুৎ সমিতি ঃ</u>**

ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় পল্লী বিদ্যুৎ বিভাগের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে।
সিদ্ধান্ত ঃ চলতি বোরো মৌসুমে কৃষকরা যাতে সেচ সুবিধা পায় সে দিকে খেয়াল রেখে সংযোগ প্রদানের জন্য সভায় ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নে ঃ ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৯ **<u>কাস্টম্‌স বিভাগ</u> ঃ**

সভায় রাজস্ব কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।
সিদ্ধান্ত ঃ ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নে ঃ রাজস্ব কর্মকর্তা, জয়মনিরহাট, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২০ **<u>ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ</u> ঃ**

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।
সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রমকে গতিশীল রাখার জন্য এবং গৃহিত প্রকল্প যথাসময়ে বাস্তবায়নের জন্য **সভায়** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২১ **<u>মৎস্য বিভাগঃ</u>**

উপজেলা মৎস্য কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি সভায় উপজেলা পরিষদ চত্বরে এ্যাকোরিয়াম স্থাপনের জন্য অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।
সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদ চত্বরে এ্যাকোরিয়াম স্থাপনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভায় উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় এবং মৎস্য বিভাগের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নেঃ উপজেলা মৎস্য কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২২ **<u>পরিবার পরিকল্পনা বিভাগঃ</u>**

উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।
সিদ্ধান্ত ঃ ঃ পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারকে পরামর্শ প্রদান করা হয়।
বাস্তবায়নেঃ উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৩ **<u>সমবায় বিভাগঃ</u>**

উপজেলা সমবায় অফিসার সভায় ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।
সিদ্ধান্ত ঃ সমবায় বিভাগের কার্যক্রমকে আরো গতিশীল রাখার জন্য উপজেলা সমবায় অফিসারকে পরামর্শ প্রদান করা হয়।
বাস্তবায়নেঃ উপজেলা সমবায় অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৪ **<u>আইসিটি বিভাগঃ</u>**

সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। তিনি সভায় উপস্থিত সকলকে স্ব-স্ব দপ্তরের সকল কার্যক্রম ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ জানান। জাতীয় তথ্য বাতায়ন আপডেট করার জন্য তিনি সভায় উপস্থিত সকলকে অনুরোধ জানান।
সিদ্ধান্ত ঃ সকল দপ্তরের স্ব-স্ব কার্যক্রম ওয়েব পোর্টালে আপলোড করার জন্য সংশ্লিষ্ট সকলকে সভায় অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নে ঃ সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়/সংশ্লিষ্ট (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৫ **<u>বনবিভাগ ঃ</u>**

ফরেষ্টার, বনবিভাগ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান বনবিভাগের কার্যক্রম যথারীতি চলছে।
সিদ্ধান্ত ঃ বন বিভাগের কার্যক্রমকে আরো গতিশীল রাখার জন্য ফরেষ্টার, বনবিভাগ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় পরামর্শ প্রদান করা হয়।
বাস্তবায়নেঃ ফরেষ্টার, বনবিভাগ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৬ **পল্লী সঞ্চয় ব্যাংক ঃ**

ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি চলছে।
সিদ্ধান্ত ঃ পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রমকে আরো গতিশীল রাখার জন্য তাকে সভায় নির্দেশনা প্রদান করা হয়।
বাস্তবায়নেঃ ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৭ উপজেলা নির্বাচন অফিস ঃ

উপজেলা নির্বাচন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে।
সিদ্ধান্ত ঃ উপজেলা নির্বাচন অফিসের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।
বাস্তবায়নেঃ উপজেলা নির্বাচন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৮ **মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন সংক্রান্ত ঃ**

সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, ভূরুঙ্গামারী উপজেলা কমান্ড, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান এ উপজেলায় বীরমুক্তিযোদ্ধাদের কার্যক্রম যথারীতি চালু রয়েছে। কোন অসুবিধা নেই।

সিদ্ধান্ত ঃ বীরমুক্তিযোদ্ধাদের কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, ভূরুঙ্গামারী উপজেলা কমান্ড, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৯ **বিএডিসি (সেচ) ঃ**

উপসহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।
সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য বলা হয়।
বাস্তবায়নেঃ উপসহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩০ **পাথরডুবী ইউনিয়ন পরিষদ ঃ**

চেয়ারম্যান, পাথরডুবী ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় তার ইউনিয়ন পরিষদের জায়গায় নির্মিত হাট সেডটি ভাঙ্গার জন্য সভায় অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।
সিদ্ধান্ত ঃ পাথরডুবী ইউনিয়ন পরিষদের জায়গায় নির্মিত হাট সেডটি ভাঙ্গার বিষয়ে ইউনিয়ন পরিষদের মাসিক সভায় সিদ্ধান্ত গ্রহণ করত: কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণের জন্য চেয়ারম্যান, পাথরডুবী ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নে ঃ চেয়ারম্যান, পাথরডুবী ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩১ **বঙ্গসোনাহাট ইউনিয়ন পরিষদ ঃ**

চেয়ারম্যান, বঙ্গসোনাহাট ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার ইউনিয়নের চৌধুরী বাজারগামী রাস্তায় ব্রীজটি ভেঙ্গে গেছে। জনগণের চলাচলের সুবিধার্থে ব্রীজটি দ্রুত পুন:নির্মাণ প্রয়োজন।
সিদ্ধান্ত ঃ চৌধুরী বাজারগামী রাস্তায় ব্রীজটি সরেজমিন তদন্ত পূর্বক প্রতিবেদন দাখিলের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/চেয়ারম্যান, বঙ্গসোনাহাট ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩২ **উপজেলা পরিষদঃ**

(ক) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় সকল উন্নয়ন মূলক কাজে আন্তরিকতার সাথে দায়িত্ব পালনের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ সরকারের বিভিন্ন উন্নয়ন মূলক কর্মকান্ড তদারিকসহ আন্তরিকতার সাথে দায়িত্ব পালনের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নে ঃ ভাইস চেয়ারম্যান/সকল ইউপি চেয়ারম্যান, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

(খ) উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় উপজেলাধীন ইউনিয়ন পরিষদ সমূহে সরকারি নির্দেশনা মোতাবেক অর্থাৎ নির্ধারিত প্রমাপ অনুযায়ী জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে সরকারি প্রমাপ অনুযায়ী জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে ঃ চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

(গ) উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় Recovery and advancement of Informal Sector Employment (RAISE): Reintegration of Returing Migrants Project ওয়েলফেয়ার সেন্টার, রংপুর এর ১৪ জানুয়ারি ২০২৪ তারিখের ৪৯.০৪.৮৫০০.০০৫.১৮.০০২.২০২৪-৭৬ নং স্মারক পত্র খানা পাঠ করে শুনান। বিবেচ্য পত্রের আলোকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এর আওতায় বিদেশ ফেরত অভিবাসী কর্মীদের আত্নকর্মসংস্থানে সহযোগিতা প্রদানের জন্য সভায় সংশ্লিষ্ট সকলকে বিশেষ করে ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ বিদেশ ফেরত অভিবাসী কর্মীদের আত্নকর্মসংস্থানে সহযোগিতা প্রদানের জন্য সভায় ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো

হয়।

বাস্তবায়নে ঃ চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

**(ঘ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের প্রশাসনিক কর্মকর্তা গত ডিসেম্বর/২০২৩ মাসের খরচের বিবরণী সভায় উপস্থাপন করেন। জনস্বার্থে ও অফিসের জরুরী প্রয়োজনে ব্যয়সমূহ করা হয়েছে বিধায় তা অনুমোদনের জন্য অনুরোধ জানান।**

**মাসের নাম ঃ ডিসেম্বর ২০২৩**

| নং | **ব্যয়ের বিবরণী** | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১. | জনাব মোঃ নুরুন্নবী চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদকে ডিসেম্বর/২০২৩ মাসের সম্মানী ভাতা ও বাসাভাড়া বিল প্রদান | ৪৫,০০০/- |
| ২. | জনাব মোঃ জালাল উদ্দিন মন্ডল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকে ডিসেম্বর/২০২৩ মাসের সম্মানী ভাতা বিল প্রদান | ২৭,০০০/- |
| ৩. | জনাব মোছাঃ শাহানারা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকে ডিসেম্বর/২০২৩ মাসের সম্মানী ভাতা বিল প্রদান | ২৭,০০০/- |
| ৪. | জনাব মোঃ নুরুন্নবী চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদকে ডিসেম্বর/২০২৩ মাসের ভ্রমণ ভাতা বিল প্রদান | ১১,২৫০/- |
| ৫. | জনাব মোঃ জালাল উদ্দিন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকে ডিসেম্বর/২০২৩ মাসের ভ্রমণ ভাতা বিল প্রদান | ৮০০০/- |
| ৬. | জনাব মোছাঃ শাহানারা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকে ডিসেম্বর/২০২৩ মাসের ভ্রমণ ভাতা বিল প্রদান | ৮০০০/- |
| ৭. | মোঃ শাহিনুর আলম, মালী, উপজেলা পরিষদে ডিসেম্বর/২০২৩ মাসের মজুরী বাবদ বিল প্রদান | ১৫৯৫০/- |
| ৮. | মোঃ আমিনুর রহমান, পরিচ্ছন্নতাকর্মী, উপজেলা পরিষদকে ডিসেম্বর/২০২৩ মাসের মজুরী বাবদ বিল প্রদান | ১৫৯৫০/- |
| ৯. | মোঃ আঃ হামিদ, পাহাড়াদার, উপজেলা পরিষদকে ডিসেম্বর/২০২৩ মাসের মজুরী বাবদ বিল প্রদান | ২০০০/- |
| ১০. | মোঃ আঃ রহিম বাদশা, পানির পাম্পচালক, উপজেলা পরিষদকে ডিসেম্বর/২০২৩ মাসের মজুরী বাবদ বিল প্রদান | ৩০০০/- |
| ১১. | শ্রী সঞ্জয় বসাক, হোটেল শুভ এন্ড রেষ্টুরেন্ট, ভূরুঙ্গামারীকে ডিসেম্বর/২০২৩ মাসের আপ্যায়ন বিল প্রদান (ভ্যাটসহ) | ৩০,০০০/- |
| ১২. | মোঃ আসাদুজ্জামান, আসাদ ফটোস্ট্যাট, ভূরুঙ্গামারীকে ডিসেম্বর/২০২৩ মাসের আনুসাঙ্গিক খরচের বিল প্রদান (ভ্যাটসহ) | ৫,০০০/- |
| ১৩. | মোঃ শাহিনুর আলম, টেকনিশিয়ান, ইউএনও অফিস, ডিসেম্বর/২০২৩ মাসের মডেম রিচার্জ বিল প্রদান (ভ্যাটসহ) | ৬৩০০/- |
| ১৪. | শ্রীমতি সোভারানী, ভূরুঙ্গামারী ডিসেম্বর/২০২৩ মাসের উপজেলা পরিষদ চত্বর পরিস্কারকরণের মজুরী বিল প্রদান (ভ্যাটসহ) | ৭,০০০/- |
| ১৫. | মোঃ নুর জামাল, নুরীয়া ইলেকট্রিক, ভূরুঙ্গামারী। উপজেলা পরিষদের পুরাতন হলরুমের জন্য ফ্যান সরবরাহ করণ (ভ্যাটসহ) | ২৫০০০/- |
| ১৬. | মোঃ নুর জামাল, নুরীয়া ইলেকট্রিক, ভূরুঙ্গামারী। উপজেলা পরিষদ চত্বরে বিভিন্ন রাস্তায় লাইট স্থাপনের বিল (ভ্যাটসহ) | ২৫০০০/- |
| ১৭. | মোঃ আবু বক্কর সিদ্দিক মিন্টু, সবুজ ভূমি নার্সারী, ভূরুঙ্গামারী। উপজেলা পরিষদ চত্বরের ফুলের গাছসহ টব সরবরাহ বিল | ২৫০০০/- |
| ১৮. | রায়ান্স কম্পিউটার লিঃ। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ফটোকপি মেশিন সরবরাহ করণ (ভ্যাটসহ) | ১৫০০০০/- |
| ১৯. | মোছাঃ আয়শা বেগম, ইউপি সদস্য, তিলাই। উপজেলা পরিষদ চত্বরের বিভিন্ন স্থানে সিসি ক্যামেরা স্থাপন (ভ্যাটসহ) | ১৫০০০০/- |

**সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ব্যয়সমূহ জনস্বার্থে করা হয়েছে বিধায় উক্ত ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়।**

**সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করা হয়। চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে এডিপি প্রকল্পসহ গৃহীত অন্যান্য প্রকল্পসমূহ যথাসময়ে বাস্তবায়নের জন্য সভায় সংশ্লিষ্টদের প্রতি অনুরোধ জানানো হয়।**

**পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।**

**(মোঃ নুরুন্নবী চৌধুরী)**
**চেয়ারম্যান**
**উপজেলা পরিষদ**
**ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।**
**www.bhurungamari.kurigram.gov.bd**

**স্মারক নং- ০৫.৪৭.৪৯০৬.০০০.০৬.০০৪.২৩-২৭** | **তারিখঃ** ০৪ মাঘ ১৪৩০ / ১৮ জানুয়ারি ২০২৪

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ ১৫ শ্রাবণ**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৫ কুড়িগ্রাম-১ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
৫। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৬। উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৯। উপজেলা ........................................................................................ অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
১০। চেয়ারম্যান, ............................................... ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
১১। জনাব ................................................................................................................................
১২। অফিস কপি।

(মোঃ গোলাম ফেরদৌস)
উপজেলা নির্বাহী অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।